



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

স্নাতক (সম্মান) কোর্সের

তারিখ: ১৫-১-৮৭ ইং

ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানান যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ে ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি করানোর ব্যাপারে ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য ছাত্র/ছাত্রী নির্বাচন করা এই ভর্তি পরীক্ষা নিম্নোক্ত ৪ (চারটি) ইউনিটের মাধ্যমে গ্রহণ করা হইবে।

- ১। উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিজ্ঞান/ কৃষি বিজ্ঞান শাখা হইতে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহারা বিজ্ঞান অনুষদের অন্তর্গত অনার্স বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুক তাহাদের জন্য—
ক - ইউনিট (বিজ্ঞান) ইউনিট প্রধান: ডীন, বিজ্ঞান অনুষদ, চঃ বিঃ।
- ২। উচ্চ মাধ্যমিক পরীক্ষা মানবিক শাখা হইতে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহারা কলা অথবা সমাজ বিজ্ঞান অনুষদের অন্তর্গত অনার্স বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুক তাহাদের জন্য—
খ - ইউনিট (কলা) ইউনিট প্রধান: ডীন, কলা অনুষদ, চঃ বিঃ।
- ৩। উচ্চ মাধ্যমিক পরীক্ষা বাণিজ্য শাখা হইতে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহারা বাণিজ্য অনুষদের অন্তর্গত অনার্স বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুক তাহাদের জন্য—
গ - ইউনিট (বাণিজ্য) ইউনিট প্রধান: ডীন, বাণিজ্য অনুষদ, চঃ বিঃ।
- ৪। একটি নির্ধারিত শাখা হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহারা তাহাদের উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের শাখার অন্তর্গত অনার্স বিষয় বাদ দিয়া অন্য শাখায় অন্তর্গত অনার্স বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুক তাহাদের জন্য—
ঘ - ইউনিট (সম্মিলিত গ্রুপ) ইউনিট প্রধান: ডীন, সমাজ বিজ্ঞান অনুষদ, চঃ বিঃ।

ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতিদানের জন্য নির্ধারিত ফরমে নির্দিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট প্রধানের নিকট আবেদনপত্র পেশ করিতে হইবে। ভর্তি পরীক্ষাদানের নির্ধারিত প্রাথমিক আবেদনপত্র ও ভর্তি নির্দেশিকা নগদ ৪০/- (চল্লিশ) টাকা প্রদান করিয়া অগ্রণী/জনতা ব্যাংকের বিশ্ববিদ্যালয় শাখা হইতে সংগ্রহ করিয়া ইহা যথাযথভাবে পূরণকরতঃ ভর্তির প্রয়োজনীয় দলিলপত্রাদির প্রত্যয়িত কপিসহ ১২-২-৮৭ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট প্রধানের দপ্তরে জমা দিতে হইবে। উক্ত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হইবে না।

অনুষদের নাম	অনার্স বিষয়সমূহের নাম
ক। কলা অনুষদ	(১) বাংলা (২) ইংরেজী (৩) ইতিহাস (৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৫) দর্শন (৬) চারুকলা (৭) আরবী (৮) পালি (৯) সংস্কৃত।
খ। সমাজ বিজ্ঞান অনুষদ	(১) অর্থনীতি (২) রাজনীতি বিজ্ঞান (৩) সমাজতত্ত্ব (৪) লোক প্রশাসন।
গ। বাণিজ্য অনুষদ	(১) হিসাব বিজ্ঞান (২) ব্যবস্থাপনা
ঘ। বিজ্ঞান অনুষদ	(১) পদার্থবিদ্যা (২) রসায়ন (৩) গণিত (৪) পরিসংখ্যান (৫) উদ্ভিদবিদ্যা (৬) প্রাণীবিদ্যা।

২। ভর্তির ন্যূনতম যোগ্যতা:

১৯৮৫ বা ১৯৮৬ সালে বাংলাদেশের কোন শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক অথবা বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা বোর্ডের ফাজিল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহারা মাধ্যমিক/আলিম ও উচ্চ মাধ্যমিক/ফাজিল অথবা সমমান হিসাবে অনুমোদিত উভয় পরীক্ষা কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে, তাহারা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পরিবে।

মাধ্যমিক/আলিম অথবা উচ্চ মাধ্যমিক/ফাজিল অথবা সমমান হিসাবে অনুমোদিত পরীক্ষা দুইটির মধ্যে যে কোন একটি পরীক্ষায় তৃতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা যে কোন অনার্স বিষয়ে ভর্তির অযোগ্য।

৩। ভর্তি সংক্রান্ত যাবতীয় নিয়মাবলী ও তথ্যাবলী ভর্তি ফরমের সংঙ্গে দেয় ভর্তি নির্দেশিকায় পাওয়া যাইবে।

৪। ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার সংঙ্গে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র প্রদান করা হইবে। এই কারণে ডাকযোগে প্রেরিত কোন ভর্তি ফরম গ্রহণ করা হইবে না।

৫। ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান সংবাদপত্রের মাধ্যমে জানানো হইবে। ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ না করিলে কোন ছাত্র/ছাত্রীকে ভর্তি করা হইবে না।

৬। উপ-জাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির সংরক্ষিত আসনে উপ-জাতীয় ছাত্র/ছাত্রীদেরকে ভর্তি করানোর জন্য ভর্তির যোগ্যতা শিথিল করা হইয়াছে।

রেজিস্ট্রার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

জিসি-২৯৭২

০৩৫